

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ১২, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
স্ট্যাম্প প্রশাসন অধিশাখা  
আদেশ

তারিখ: ২৬ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/১০ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৩৬-আইন/২০১৭/০৮.০০.০০০০.০৪০.২২.০১০.১৭।—Stamp Act, 1899 (Act II of 1899) এর section 9 এর clause (a) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর ধারা ১৭ এর বিধান অনুযায়ী পার্ক প্রতিষ্ঠার লক্ষ্যে উক্ত আইনের ধারা ২০ অনুসারে নিয়োগপ্রাপ্ত ডেভেলপারকে হাই-টেক পার্ক উন্নয়নের জন্য কোন তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে লোন ডকুমেন্টের বিপরীতে সম্পাদিতব্য বন্ধকী দলিলের উপর প্রদেয় সমুদয় স্ট্যাম্প ডিউটি এতদ্বারা মওকুফ (remit) করিল।

ব্যাখ্যা।—এই আদেশের উদ্দেশ্য পূরণকল্পে—

- (ক) “তফসিলি ব্যাংক” অর্থ ‘The Bangladesh Bank Order, 1972 (P. O. No. 127 of 1972) এর Article 2(j) তে সংজ্ঞায়িত ‘Scheduled Bank’; এবং
- (খ) “আর্থিক প্রতিষ্ঠান” অর্থে আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন) এর ধারা ২ এর দফা (খ) তে সংজ্ঞায়িত আর্থিক প্রতিষ্ঠান।

রাষ্ট্রপতির আদেশক্রমে

পারভীন বানু

যুগ্ম-সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

মোঃ মজিবর রহমান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(৭৬৪৯)

মূল্য : টাকা ৪.০০